

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৮৩.১৭. ২০৪

তারিখ : ০৮/০১/২০১৭ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাকে জানানো যাচ্ছে যে, গত ১৪/০১/২০১৭ খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (BIM) এ “অফিস ব্যবস্থাপনা” বিষয়ে প্রশিক্ষণ শুরু হয়েছে। বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (BIM) এর কর্তৃপক্ষ অদ্য ১৮/০১/২০১৭ খ্রিঃ তারিখ নিম্নস্বাক্ষরকারীকে টেলিফোনে জানান যে, বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ কর্তৃক গত ১৫/০১/২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০-০৭:০০ ঘটিকা পর্যন্ত Computer Lab এ Digital Content তৈরী সংক্রান্ত Task দেয়া হয়েছিল এবং গত ১৭/০১/২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০-০৭:০০ ঘটিকা পর্যন্ত উক্ত Digital Content উপস্থাপন করার জন্য নির্ধারণ করা হয়েছিল। কিন্তু তিনি বর্ণিত সময়ে Computer Lab এ অনুপস্থিত ছিলেন এবং তিনি Digital Content তৈরী করেননি বা নির্ধারিত সময়ে উপস্থাপন করতে ব্যর্থ হয়েছেন। উপরন্তু অদ্য পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অবৈধভাবে Computer Lab এ প্রবেশ করে অপর একজন প্রশিক্ষার্থী (Other discipline) কে জোরপূর্বক উঠিয়ে দিয়ে বিশৃঙ্খলার সৃষ্টি করেছেন।

তার উক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধির পরিপন্থি।

এমতাবস্থায়, কেন তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে যথাযথ কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।

(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব নিজাম উদ্দিন  
চীফ ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং)  
PIMS ID: 7027100035  
বাগেরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ  
বাগেরহাট।

বর্তমান ঠিকানা:

বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (BIM)  
৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (BIM), ৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা।
- ২। অধ্যক্ষ, বাগেরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।